

হিন্দু বিবাহ (কার্যবাহ সিদ্ধকরণ) আইন, ১৯৬০

(১৯৬০-এর ১৯ নং আইন)

হিন্দু বিবাহ আইন, ১৯৫৫ অনুযায়ী কোন কোন কার্যবাহ
সিদ্ধকরণার্থ আইন।

[৬ই মে, ১৯৬০]

ভারত সাধারণতন্ত্রের একাদশ বর্ষে সংসদ কর্তৃক নিম্নরূপে
বিধিবদ্ধ হইলঃ—

সংক্ষিপ্ত নাম ও
প্রকার।

১। (১) এই আইন হিন্দু বিবাহ (কার্যবাহ সিদ্ধকরণ)
আইন, ১৯৬০ নামে অভিহিত হইতে পারিবে।

(২) ইহা জম্মু ও কাশ্মীর রাজ্য ব্যতীত সমগ্র ভারতে
প্রসারিত হইবে।

কোন কোন
আদালতের ১৯৫৫-র
২৫ নং আইন
অনুযায়ী কার্যবাহ-
গমহের সিদ্ধকরণ।

২। (১) (২) উপধারায় উল্লিখিত আদালতসমূহের মধ্যে
যেকোন আদালত কর্তৃক হিন্দু বিবাহ আইন, ১৯৫৫ অনুযায়ী
ক্ষেত্রাধিকার প্রয়োগ করিয়া বা প্রয়োগ অভিপ্রেত করিয়া, এই
আইনের প্রারম্ভের পূর্বে গৃহীত সকল কার্যবাহ এবং প্রদত্ত
সকল ডিক্রী ও আদেশ, কোন আদালতের কোন রায়, ডিক্রী বা
আদেশ সত্ত্বেও, বিধিমতে সেইরূপ সঠিক ও সিদ্ধ বলিয়া গণ্য
হইবে, যেন ঐরূপ ক্ষেত্রাধিকার প্রয়োগকারী বা প্রয়োগ
অভিপ্রায়কারী আদালত ছিল উক্ত আইনের অর্থের মধ্যে একটি
জিলা আদালত।

(২) (১) উপধারায় উল্লিখিত আদালতসমূহ নিম্নরূপ,
যথাঃ—

অতিরিক্ত জজ, অতিরিক্ত জিলা জজ, সংযুক্ত জিলা জজ,
সহকারী জিলা জজ, সহকারী জজ-এর আদালত এবং
অবর জজের আদালত অপেক্ষা নিম্নতর পদমর্যাদার
নহে এরূপ অন্য যেকোন আদালত, তাহা যে নামেই
অভিহিত হউক।